যুগান্তর

তারিখ 22 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# গার্হস্থ্য অর্থনীতি কলেজে সহশিক্ষা দাবিতে ছাত্রীদের তালা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সহশিক্ষার দাবিতে কলেজের প্রধান গেটে তালা ঝুলিয়ে দিয়েছেন রাজধানীর গার্হস্থ্য অর্থনীতি কলেজের ছাত্রীরা। বুধবার বেলা ১১টা থেকে কলেজ ক্যাম্পাসে তারা এ আন্দোলন শুরু করেন। এ সময় তারা কলেজটির প্রাধ্যক্ষকেও অবরুদ্ধ করে রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র ইন্সটিটিউটের মর্যাদা পাওয়ার পূর্বশর্ত হিসেবে এ দাবি পূরণে মাঠে নেমেছেন তারা।

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এম আমজাদ আলী যুগান্তরকে বলেন, সহশিক্ষা দাবিতে তারা এ আন্দোলন করছে। এ সময় তারা প্রাধ্যক্ষকেও অবরুদ্ধ করে রাখে। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই মুহূর্তে তাদের দাবি পূরণ করা সম্ভব নয়। যদি মন্ত্রণালয় থেকে ক্লিয়ারেন্স না দেয় তাহলে সেটি সম্ভব হবে না।

কলেজ ক্যাম্পাস অবরুদ্ধ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে অধ্যক্ষের স্বাক্ষরসংবলিত একটি স্মারকলিপি জমা দেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এ সময় ভিসি তাদের স্মারকলিপি গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন বলে জানান আন্দোলনকারী ছাত্রীরা। তবে গার্হস্থ্য অর্থনীতি কলেজের অধ্যক্ষ শামসুন্নাহার জানান, কলেজের শিক্ষার্থীরা তার কাছে স্মারকলিপি নিয়ে এসে স্বাক্ষর করার জন্য চাপ সৃষ্টি করায় তিনি স্বাক্ষরটি করেছেন। সহশিক্ষা চালু হলে কলেজটির ঐতিহ্য নষ্ট হবে বলেও মন্তব্য করেন তিনি।